Bengali/English

Child Trust Fund

Factsheet

চাইল্ড ট্রাস্ট ফান্ড (Child Trust Fund - CTF) একটা দীর্ঘমেয়াদী সঞ্চয় ও বিনিয়োগ অ্যাকাউন্ট বা আমানত যা সৃষ্টি করা হয়েছে বিশেষভাবে শিশুদের জন্য। এই আমানতে জমা দেওয়া টাকার মালিক আপনার সন্তান এবং তাদের বয়স 18 বছর না হওয়া পর্যন্ত তারা এই টাকায় হাত দিতে পারে না, সুতরাং টাকার পরিমাণ বাড়ার জন্য যথেষ্ট সময় পাওয়া যায়। 18 বছর বয়সে তারা বরাবরের মতো সঞ্চয় করে' যেতে পারে কিংবা অন্যান্য কোন খাতে, যেমন গাড়ি চালানো শেখা, কম্পিউটারের সরঞ্জাম কেনা, কোন রকম প্রশিক্ষণ নেওয়া ইত্যাদি, এই টাকা খরচ করতে পারে।

1 সেপ্টেম্বার 2002 তারিখে বা তার পরে যে'সব শিশুর জন্ম হয়েছে তাদের প্রত্যেকেই আমানত খোলার সুযোগ পাবে যদি তারা ইউকে বা যুক্তরাজ্যের বাসিন্দা হয়, তাদের জন্য চাইল্ড বেনিফিট্ পাওয়া যায় এবং তারা ইমিগ্রেশন বা অভিবাসন-সংক্রান্ত কোন রকম বিধিনিষেধের অধীন না হয়।

The Child Trust Fund (CTF) is a long-term savings and investment account created especially for children. The money in it belongs to your child and is locked away until they are 18, so it has a long time to grow. At 18 they can choose to carry on saving or use the money for other things, such as driving lessons, computer equipment or training courses.

Every child born on or after 1st September 2002 is eligible for a CTF account if they live in the UK, Child Benefit is being received for them and they are not subject to immigration restrictions.

আমার সন্তান কি পরিমাণ পাবে?

আপনি যখন দাবি জানাবেন এবং আপনার সন্তানের জন্য চাইল্ড বেনিফিট্ পাওয়া শুরু করবেন তখন আপনি একটা £250 মূল্যের CTF ভাউচার সরাসরি পাবেন। স্বল্প আয়সম্পন্ন পরিবারগুলির (2010-11 সালে £16,190 বা তার কম আয়) শিশুদের খাতে অতিরিক্ত £250 পাওয়া যাবে, যা সরাসরি তাদের আমানতে জমা পড়বে।

কোনরকম অসুস্থতা কিংবা প্রতিবন্ধকতাসম্পন্ন যে'সব শিশু ডিজ্এবিবিলিটী লিভিং অ্যালাওয়্যান্স (DLA) বা প্রতিবন্ধী জীবনযাপনের জন্য ভাতা পাওয়ার যোগ্য, তাদের অ্যাকাউন্ট-এ বছরে £100 জমা পড়বে। DLA'এর 'কেয়ার কম্পোনেন্ট' বা যত্নবিধান ব্যয়ের সর্বোচ্চ হার পাওয়ার যোগ্য শিশুরা বছরে £200 পাবে।
আপনার সন্তানের বয়স সাত বছর হলে আরো একবার সরাসরি £250 দেওয়া হবে স্বল্প এবং আয়সম্পন্ন পরিবারগুলির শিশুরা আবার অতিরিক্ত £250 পাবে।

আপনি যদি ভাউচার না পান কিংবা সেটা হারিয়ে গিয়ে থাকে, তাহলে CTF হেলপ্লাইনে 0845 302 1470 নম্বরে টেলিফোন করবেন।

How much will my child receive?

You will automatically receive a £250 CTF voucher when you claim and start receiving Child Benefit for your child. Children from lower income households (£16,190 or less in 2010-11) will receive an extra £250, paid directly into their account.

Children with an illness or disability who are entitled to Disability Living Allowance (DLA) will have £100 paid annually into their accounts. Children entitled to the highest rate of the care component of DLA will get £200 annually.

There will be a further automatic payment of £250 when your child turns seven and children in lower income households will again get an extra £250.

If you haven't received a voucher or have lost it, call the CTF Helpline on 0845 302 1470.



এই ভাউচার নিয়ে আমি কি করবো?

একমাত্র CTF আমানত খোলার জন্যই এই ভাউচার ব্যবহার করা যাবে। তিন ধরনের আমানত আছে, আপনি কোন্‌টা বেছে নেবেন তা নির্ভর করবে জমা টাকার পরিমাণ বাড়তে দেওয়ার ঝুঁকি নেওয়ার ব্যাপারে আপনি কি মনে করেন তার উপরে।

What should I do with the voucher?

The voucher can only be used to open a CTF account. There are three types of account, which one you choose depends on how you feel about taking a risk in order to give the money a better chance to grow.

CTF Fact Sheet_April 2010 Bengali aw:CTF_Fact Sheet 26/4/10 18:45 Page 2

স্টেইকহোল্ডার আমানত আপনার সন্তানের টাকা বিভিন্ন বাণিজ্যিক প্রতিষ্ঠানের শেয়ারে বিনিয়োগ করা হয়, সুতরাং ঐসব শেয়ারের দাম যদি বাড়ে ঐ টাকার পরিমাণও বাড়বে। শেয়ার কেনার জন্য টাকা বিনিয়োগ করার সঙ্গে সম্পর্কিত ঝুঁকিগুলির মাত্রা কমানোর উদ্দেশ্যে কিছু ব্যবস্থা নেওয়া হয়ে থাকে।

শেয়ার আমানত (স্টেইকহোল্ডার নয় এমন) আপনার সন্তানের টাকা বিভিন্ন বাণিজ্যিক প্রতিষ্ঠানের শেয়ারে বিনিয়োগ করা হয়, সুতরাং ঐসব শেয়ারের দাম যদি বাড়ে ঐ টাকার পরিমাণও বাড়বে। স্টেইকহোল্ডার আমানতের নিয়মের মতো শেয়ার কেনার জন্য টাকা বিনিয়োগ করার সঙ্গে সম্পর্কিত ঝুঁকিগুলির মাত্রা কমানোর উদ্দেশ্যে কিছু ব্যবস্থা নেওয়ার নিয়ম এই আমানতে নেই।

সঞ্চয় (Savings) আমানত (স্টেইকহোল্ডার নয়) এই ধরনের আমানতে শেয়ার কেনায় টাকা বিনিয়োগ করা হয় না। এটা হলো নগদ টাকা জমা করার ব্যবস্থা এবং জমার উপরে সুদ পাওয়া যায়।

ভাউচারে দেওয়া তারিখ পেরিয়ে যাওয়ার আগে যদি আপনি আমানত না খোলেন, আমরা একজন CTF সরবরাহকারীকে দিয়ে আপনার সন্তানের নামে আমানত খোলানোর ব্যবস্থা করবো। তবে আপনার সন্তানের টাকা গোটা বছরের সুদ অর্জন করার সুযোগ হারাবে।

আপনার সন্তানের CTF আমানতে জমা রাখা টাকা আপনার প্রাপ্য কোন বেনিফিট্ বা ট্যাক্স ক্রেডিটকে প্রভাবিত করবে না, এবং আপনার সন্তানকেও কোন CTF আমানত থেকে অর্জিত আয়ের উপরে সুদ দিতে হবে না। মনে রাখবেন, সঞ্চয় আমানতে জমা টাকার পরিমাণ শেয়ার আমানতে জমা টাকার মতো একই হারে না বাড়তেও পারে, কিন্তু শেয়ারের মূল্য যেমন বাড়তে পারে তেমনই আবার কমে যেতেও পারে।

Stakeholder Account Your child's money is invested in companies' shares, so it grows if those shares do well. There are some measures in place to reduce the risks associated with investing in shares.

Shares Account (Non-stakeholder) Your child's money is invested in companies' shares, so it grows if those shares do well. Unlike a stakeholder account, there are no rules in place to reduce the risk of investing in shares.

Savings Account (Non-stakeholder) This type of account does not invest in shares. It is the cash option and pays interest.

If you don't open an account by the expiry date on the voucher, we will arrange for a CTF provider to open a stakeholder account for your child. But your child's money will have missed out on the chance of a whole year's growth.

Money in your child's CTF account will not affect any benefits or tax credits you receive, and neither you nor your child will pay tax on money earned in a CTF account. Remember, a savings account may not increase as much as an account with shares in it, but the value of shares may go down as well as up.

একটা চাইল্ড ট্রাস্ট ফান্ড আমানত কে খুলতে পারে?

CTF আমানত যদিও আপনার সন্তানের নামেই খোলা হবে, কেবল তার মা কিংবা বাবা (যদি তাদের বয়স 16 বছর বা তার বেশী হয়), অথবা শিশুর মা-বাবার দায়িত্বসম্পন্ন অন্য কোন লোক (আইনসঙ্গতভাবে যে ব্যক্তির উপরে মা-বাবার মতো একই ধরনের অধিকার ও কর্তব্য বর্তায়), আমানত খোলার জন্য CTF ভাউচার ব্যবহার করতে পারে। যে ব্যক্তি ঐ আমানত খুলবে সে শিশুটির 16 বছরের জন্মদিন পর্যন্ত আমানতের ব্যবস্থাপনা করবে, যখন থেকে শিশুটি নিজেই আমানত নিয়ন্ত্রণ করবে।

আপনি যদি 16 বছরের কম বয়সী মা কিংবা বাবা হন, আইন অনুযায়ী আপনি কোন CTF আমানতের ব্যবস্থাপনা করতে পারবেন না তবে এই ব্যাপারে 0845 302 1470 নম্বরে CTF হেলপ্লাইন থেকে সাহায্য ও পরামর্শ পাওয়া যাবে।

Who can open a Child Trust Fund account?

Although the CTF account will belong to your child, only a parent (if 16 or over), or someone else with parental responsibility for the child (a legal term meaning someone with the rights and duties of a parent), can use the CTF voucher to open an account. The person who opens the account will manage it until the child's 16th birthday, when the child will take control.

If you are a parent under 16, you cannot by law manage a CTF account but help and advice are available from the CTF Helpline on 0845 302 1470.

কোথায় আমি একটা আমানত খুলতে পারি ?

বিভিন্ন ব্যাংক এবং বিল্ডিং সোসাইটী থেকে শুরু করে’ অন্যান্য বন্ধুভাবাপন্ন প্রতিষ্ঠান ও সুপারমার্কেট - এমন প্রচুর জায়গা আছে যেখানে আপনি একজন চাইল্ড ট্রাস্ট ফান্ড আমানত সরবরাহকারীর সন্ধান পাবেন। সমস্ত সরবরাহকারীই স্টেইকহোল্ডার আমানত খোলার ব্যবস্থা করে’ দিতে পারে এবং কারো কারো কাছে নৈতিকভাবে গ্রহণযোগ্য ও ‘শরিয়া’ আমানত খোলার সুবিধাও পাওয়া যায়। আমানত খোলার আগে অবশ্যই জেনে নেবেন তার জন্য কি কি ফী বা খরচ দিতে হতে পারে।

তথ্যসম্বলিত যে কাগজপত্র আপনি পাবেন তাদের মধ্যে সরবরাহকারীদের তালিকা দেওয়া থাকবে এবং www.childtrustfund.gov.uk এই ওয়েবসাইট থেকে সব সময়েই আপনি সর্বাধুনিক তালিকা সংগ্রহ করতে পারবেন। অন্যথায়, 0845 302 1470 নম্বরে CTF হেলপ্‌লাইনে টেলিফোন করবেন।

Where can I open an account?

From banks and building societies to friendly societies and supermarkets - there are lots of places where you can find a Child Trust Fund account provider. All providers offer a stakeholder and some also offer other types of account, including ethical and Shari'a ones. Be sure to ask providers about any fees charged for running the account.

The information pack you will receive contains a list of providers and you can always find the most up-to-date list at www.childtrustfund.gov.uk. Alternatively, call the CTF Helpline on 0845 302 1470.

কিভাবে আমি আমানত খুলতে পারবো ?

কিছু সরবরাহকারী ভাউচার না দেখেই আপনাকে অনলাইন অথবা টেলিফোনে অ্যাকাউন্ট খোলার সুবিধা দিতে পারে। অন্যথায় আপনার মনোনীত সরবরাহকারীর কাছ থেকে আপনি একটা আবেদনপত্র চেয়ে নিয়ে প্রয়োজন হলে ভাউচার সঙ্গে দিয়ে সেটা তাদের কাছে ফেরত পাঠাতে পারেন।

How do I open an account?

Some providers allow you to open the account online or over the phone without the need to see the voucher itself. Otherwise you can ask your chosen provider for an application form and return it to them with the voucher if it is required.

আমার সন্তানের CTF আমানত খোলার পর আমার কি করা উচিত ?

- ঐ আমানতে আপনাকে কোন টাকা জমা দিতে হবে না, তবে সামান্য কিছু জমা দিতে পারলেও আপনার সন্তানের বয়স 18 বছর হওয়ার সাথে সাথে সেটা বেশ উল্লেখযোগ্য পরিমাণ হয়ে দাঁড়াতে পারে
- পরিবারের অন্যান্য লোকজন এবং বন্ধুবান্ধবকে জানাবেন যে আপনি ঐ আমানত খুলেছেন যাতে তারাও ইচ্ছা করলে তাতে কিছু জমা দিতে পারে। প্রতি বছর সর্বাধিক যে পরিমাণ টাকা জমা দেওয়া যায় তা হলো £1,200 (সরকারী জমা ছাড়া)
- আপনি চাইলে যে কোন সময়ে বর্তমান আমানত সরবরাহকারীর পরিবর্তন করতে পারেন

What should I do after I've opened my child's CTF account?

- You don't have to add to the account, but even small amounts could grow into something worthwhile for your child when they reach 18
- Let family and friends know you've opened the account as they may want to put money in as well. The total amount that can be put in each year is £1,200 (excluding Government payments)
- You can change the account or provider at any time if you want to

আরো বিস্তারিত আমি কোথায় জানতে পারবো ?

একটা আমানত বেছে নেওয়ায় সাহায্যের জন্য :

- ওয়েবসাইট www.childtrustfund.gov.uk দেখুন
- 0845 302 1470 নম্বরে CTF হেলপ্‌লাইনে টেলিফোন করুন, সকাল 8 থেকে সন্ধ্যা 8, সপ্তাহে 7 দিন
- অন্য কোন ভাষায় কারো সঙ্গে কথা বলতে চাইলে, 0845 302 1470 নম্বরে CTF হেলপ্‌লাইনে টেলিফোন করুন এবং আপনার জন্য সুবিধাজনক কোন সময়ে আপনাকে ফিরতি টেলিফোন করা হবে
- যদি ওয়েলশ্‌ ভাষায় কারো সঙ্গে কথা বলতে চান, সকাল 8.30 থেকে বিকাল 5, সোমবার থেকে শুক্রবার, 0845 302 1489 নম্বরে টেলিফোন করতে পারেন।

Where can I find out more?

For help in choosing an account:

- Visit www.childtrustfund.gov.uk
- Call the CTF Helpline on 0845 302 1470, open 8am to 8pm 7 days a week
- To speak to someone in another language, please phone the CTF Helpline on 0845 302 1470 and you will be called back at a time that suits you
- If you prefer to speak to someone in Welsh, you can call 0845 302 1489 between 8.30am and 5pm, Monday to Friday



HM Revenue & Customs